

তারিখ

প্রিয় নতুন ভর্তি হওয়া হাই স্কুল শিক্ষার্থীদের পিতামাতা, অভিভাবক বা তত্ত্বাবধানকারী:

স্বাস্থ্য শিক্ষা যা দায়িত্বশীল সিদ্ধান্তগ্রহণ শিক্ষা দেয়, তা শিক্ষার্থীদেরকে স্কুলে ও জীবনে অধিক ফলপ্রসূ হতে শিক্ষা দেয়। এনওয়াসি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের এইচআইভি/এইডস এডুকেশন প্রোগ্রামে যে শিক্ষা লাভ করে, তার পরিপূরক শর্ত হিসেবে পাবলিক হাই স্কুলে একটি কনডম অ্যাভেইলিবিলাটি প্রোগ্রাম (সিএপি) চালু রাখা আবশ্যিক যা শিক্ষার্থীদের স্বাস্থ্য শিক্ষার ক্লাসরুমের ভেতরে ও বাইরে শিক্ষার্থীর সিদ্ধান্ত গ্রহণে সক্ষমতা দিতে সহায়তা করতে পারে। স্টেটের আইন অনুযায়ী, সিএপি-এর মাধ্যমে ৯-১২ গ্রেডের শিক্ষার্থীরা প্রশিক্ষিত স্টাফের কাছ থেকে ফ্রি কনডম, ডাক্তারি মতে যথাযথ তথ্য, এবং চিকিৎসাগত সুপারিশ লাভের অনুরোধ জানাতে পারবে।

পিতামাতা, অভিভাবক বা তত্ত্বাবধানকারী হিসেবে, আপনার সন্তানকে যাতে স্কুলে কনডম না দেওয়া হয়, সে ব্যাপারে অনুরোধ জানাতে পারেন। পালিক হলেথ আইন § 2504 অনুসারে এই অনুরোধ জানানোর অধিকার আপনার নেই যদি 1) আপনার সন্তান ১৮ বছর বা তার অধিক বয়সের হয়; 2) বিবাহিত হয় অথবা বর্তমানে বিয়ে করে থাকে; 3) পিতামাতা হয়, এবং/অথবা 4) তাদের নিজের ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণের আইনী অধিকার থাকে।

আপনার সন্তানকে যাতে সিএপি-এর মাধ্যমে কনডম দেওয়া না হয়, সে অনুরোধ জানাতে আপনাকে অবশ্যই নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত করে আমার কাছে একটি চিঠি দিতে হবে:

- শিক্ষার্থীর পূর্ণ নাম
- শিক্ষার্থীর গ্রেড
- শিক্ষার্থীর আইডেন্টিফিকেশন নম্বর (*দ্রষ্টব্য: আপনার এসব তথ্য না থাকলে আপনাকে আমরা দিতে পারবো*)
- নিম্নলিখিত বিবৃতি: “_____ (শিক্ষার্থীর পূর্ণ নাম) কনডম অ্যাভেইলিবিলাটি প্রোগ্রাম-এর মাধ্যমে যেনো কনডম লাভ না করে”
- পিতামাতা, অভিভাবক, বা তত্ত্বাবধানকারী হিসেবে আপনার সই

আপনি যদি মত পরিবর্তন করেন এবং সিদ্ধান্ত নেন যে আপনার সন্তান ফ্রি-তে কনডম পাক, তাহলে স্কুল বছরের যে কোন সময় আমার কাছে চিঠি দিবেন। CAP- প্রশিক্ষিত সদস্যগণ শিক্ষার্থীর গোপনীয়তা নিশ্চিত করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ এর অন্তর্ভুক্ত ঐসব শিক্ষার্থীও যারা কর্মসূচিতে অংশগ্রহণ করছে না।

বাড়ন্ত কিশোরকে ইতিবাচক স্বাস্থ্য সংক্রান্ত সিদ্ধান্ত নিতে সবচেয়ে ভালো সহায়তা দেওয়ার জন্য যৌন স্বাস্থ্য এবং অন্যান্য স্বাস্থ্যসংক্রান্ত বিষয়ে বাড়িতে আলোচনার জন্য আপনাকে উৎসাহিত করছি। নিউ ইয়র্ক সিটির শিক্ষার্থীরা যাতে নিজেদেরকে গুরুত্বপূর্ণ, সুস্থ, এবং বেড়ে উঠায় সক্ষম বলে ভাবতে পারে, সেজন্য আমাদের সাথে যৌথভাবে কাজ করার জন্য আপনাকে ধন্যবাদ।

বিশ্বস্ত,

প্রিন্সিপ্যাল